উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার রেজুলেশন

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

তারিখঃ ২০।০৯।২০২৫ সময়ঃ ১১:০০ ঘটিকা

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগণেরনাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | উপজেলা প্রকৌশলী (ইউএনও মহোদয়ের মনোনীত প্রতিনিধি) | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | এনজিও প্রতিনিধি | সদস্য | - |
| ৮ | কৃষক প্রতিনিধি | সদস্য | - |
| ৯ | উপজেলা কৃষি অফিসার দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া মহোদয়ের সভাপতিত্বে আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি অফিসারকে সভা পরিচালনার দায়িত্ব প্রদান করেন। উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনীনা থাকায় এ সভায় তা অনুমোদন প্রদান করেন।

অদ্যকার সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, ডিডি, ডিএই, বগুড় মহোদয়ের স্মারক নং-২৮৩৮ তারিখঃ ৩১/০৪/২০২৫খ্রি মোতাবেক অত্র উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে রবি মৌসুমে বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত পরিমাণ ফসলের প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে।

| ক্রঃ নং | ফসলেরনাম | প্রাপ্তকর্মসূচী | জমিরপরিমাণ | জন/বিঘাপ্রতিউপকরণেরপরিমান (কেজি) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | |
| ০১ | শীতকালীন শাকসবজি | ৪০ | ১.৫-২ শতক | ০.৩৬ | - | - | ০.৩৬ | |
| ০২ | বেগুন | ৩০ | ২০ শতক | ০.০৪ | ১০ | ১০ | ২০.০৪ | |
| ০৩ | শসা | ৩০ | ২০ শতক | ০.০৪ | ১০ | ১০ | ২০.০৪ | |
| ০৪ | লাউ | ৩০ | ২০ শতক | ০.২০ | ১০ | ১০ | ২০.২০ | |
| ০৫ | মিষ্টিকুমড়া | ৪০ | ২০ শতক | ০.০৮ | ১০ | ১০ | ২০.০৮ | |

উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে আবাদি জমি এবং ফসল চাষের উপযোগীতার ভিত্তিতে ইউনিয়ন/পৌরসভা ওয়ারী নিম্নে উল্লেখিত পরিমাণ কর্মসূচী অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ইউনিয়ন/পৌরসভার নাম | শীতকালীন শাকসবজি | বেগুন | শসা | লাউ | মিষ্টিকুমড়া | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দুপচাঁচিয়া পৌরসভা | ০৫ | ০৫ | - | ০৫ | ০৫ | ২০ | |
| ০২ | তালোড়া পৌরসভা | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ২৫ | |
| ০৩ | জিয়ানগর | ০৫ | ০৫ | ০৫ | - | ০৫ | ২০ | |
| ০৪ | চামরুল | ০৫ | ০৫ | - | ০৫ | ০৫ | ২০ | |
| ০৫ | দুপচাঁচিয়া সদর | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ০৫ | ২৫ | |
| ০৬ | গুনাহার | ০৫ | ০৫ | ০৫ | - | ০৫ | ২০ | |
| ০৭ | গোবিন্দপুর | ০৫ | - | ০৫ | ০৫ | ০৫ | ২০ | |
| ০৮ | তালোড়া | ০৫ | - | ০৫ | ০৫ | ০৫ | ২০ | |
| | সর্বমোটঃ | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | ৪০ | ১৭০ জন | |

সভায় রবি/২০২৫-২৬ মৌসুমে ফসল আবাদের বৃদ্ধির লক্ষ্যে প্রাপ্ত প্রণোদনা কর্মসূচী সুষ্ঠভাবে বাস্তবায়ন সম্পর্কে বিষদভাবে আলোচনা করা হয় এবং কর্মসূচীর শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতির আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহিত হয়।

১। রবি/২০২৫-২০২৬ মৌসুমে শীতকালীন শাকসবজি, বেগুন, শসা, লাউ ও মিষ্টিকুমড়া ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক প্রণোদনা সহায়তা পাবেন। একজন চাষী পরিবারকে যে কোন একটি ফসলের বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবেনা।

২। প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে অনুমোদিত তালিকাভূক্ত শীতকালীন শাকসবজি, বেগুন, শসা, লাউ ও মিষ্টিকুমড়া ফসলের জন্য প্রতি ৫ জনের একটি গ্রুপে ১ বস্তা ডিএপি এবং ১ বস্তা এমওপি সার বিতরণ করা হবে।

৩। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষিকর্মকর্তা অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। তালিকা প্রণোয়নের ক্ষেত্রে পূর্ববর্তীতে প্রণোদনা প্রাপ্ত কৃষকগণকে পরিহার করে নতুন কৃষক/কৃষাণী অন্তর্ভূক্ত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। উক্ত কমিটি তালিকা যাচাই বাছাই করে অনুমোদন প্রদান করবেন।

৪। অনুমোদিত কৃষক তালিকা মোতাবেক মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষকের ছবিসহ স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা স্বাক্ষরও উপজেলা কৃষি অফিসার এতে প্রতি স্বাক্ষর করবেন।

৫। উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজ ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভর্তুকি অংশে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের এনআইডি নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।

৬। এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চত করবেন।

ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক প্রণীত কর্মসূচীর সফল বাস্তবায়নকল্পে সভাপতি মহোদয় কমিটির সদস্যগণের সার্বিক সহযোগীতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০।০৯।২৫

(মোঃ শাহরুখ খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।

D:\UAO DUP\রেজুলেশন 2.docx

CamScanner

## উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার রেজুলেশন
### স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

তারিখঃ ২৯/০৯/২০২৫ খ্রিঃ সময়ঃ ১১:০০ ঘটিকা

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | উপজেলা প্রকৌশলী (ইউএনও মহোদয়ের মনোনীত প্রতিনিধি) | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | উপজেলা কৃষি অফিসার দুপচাঁচিয়া, বগুড়া। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া মহোদয়ের সভাপতিত্বে আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি অফিসারকে সভা পরিচালনার দায়িত্ব প্রদান করেন। উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় এ সভায় তা অনুমোদন প্রদান করেন।

অদ্যকার সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, ডিডি, ডিএই, বগুড়া মহোদয়ের স্মারক নং-৩৫৭২(৪১) তারিখঃ ২১/০৯/২০২৫ খ্রিঃ মোতাবেক অত্র উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে রবি মৌসুমে বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত পরিমাণ ফসলের প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে।

| ক্রঃ নং | ফসলের নাম | প্রাপ্ত কর্মসূচী | জমির পরিমাণ | জন/বিঘা প্রতি উপকরণের পরিমান (কেজি) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | |
| ০১ | গম | ১১০ | ৩৩ শতক | ২০ | ১০ | ১০ | ৪০ | |
| ০২ | সরিষা | ৩২৫০ | ৩৩ শতক | ০১ | ১০ | ১০ | ২১ | |
| ০৩ | শীতকালীন পেঁয়াজ | ২০ | ৩৩ শতক | ০১ | ১০ | ১০ | ২১ | |
| ০৪ | মসুর | ৬০ | ৩৩ শতক | ০৫ | ১০ | ০৫ | ২০ | |
| ০৫ | খেসারী | ২০ | ৩৩ শতক | ০৮ | ১০ | ০৫ | ২৩ | |

উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে আবাদি জমি এবং ফসল চাষের উপযোগীতার ভিত্তিতে ইউনিয়ন/পৌরসভাওয়ারী নিম্নে উল্লেখিত পরিমাণ কর্মসূচী অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ইউনিয়ন/পৌরসভার নাম | গম | সরিষা | শীতকালীন পেঁয়াজ | মসুর | খেসারী | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দুপচাঁচিয়া পৌরসভা | ১০ | ৩৭০ | - | ১০ | - | ৩৯০ | |
| ০২ | তালোড়া পৌরসভা | ১৫ | ৩৬০ | ০৫ | ১০ | - | ৩৯০ | |
| ০৩ | জিয়ানগর | ১৫ | ৪৫০ | ০৫ | ১০ | - | ৪৮০ | |
| ০৪ | চামরুল | ১৫ | ৪৫০ | - | - | ১০ | ৪৭৫ | |
| ০৫ | দুপচাঁচিয়া সদর | ১৫ | ৩৬০ | ০৫ | ১০ | - | ৩৯০ | |
| ০৬ | গুনাহার | ১৫ | ৪৫০ | ০৫ | ১০ | - | ৪৮০ | |
| ০৭ | গোবিন্দপুর | ১৫ | ৪৫০ | - | ১০ | - | ৪৭৫ | |
| ০৮ | তালোড়া | ১০ | ৩৬০ | - | - | ১০ | ৩৮০ | |
| | | ১১০ | ৩২৫০ | ২০ | ৬০ | ২০ | ৩৪৬০ জন | |

সভায় রবি/২০২৪-২৫ মৌসুমে ফসল আবাদের বৃদ্ধির লক্ষ্যে প্রাপ্ত প্রণোদনা কর্মসূচী সুষ্ঠভাবে বাস্তবায়ন সম্পর্কে বিষদভাবে আলোচনা করা হয় এবং কর্মসূচীর শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতির আলোকে সর্বসম্মতি ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহিত হয়।

১। রবি/২০২৪-২০২৫ মৌসুমে গম, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মসুর ও খেসারী ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ও অনুদান সহায়তা পাবেন। প্রণোদনা ভুক্ত এসব ফসল চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক যে কোন একটি ফসলের জন্য বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন চাষী পরিবারকে যে কোন একটি ফসলের বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না।

চলমান পাতা

D:\UAO DUP\রেজুলেশন-2.docx

২৭৩

২। অনুমোদিত তালিকাভূক্ত গম, সরিষা ও পেঁয়াজ ফসলের জন্য প্রতি ৫ জনের একটি গ্রুপে ১ বস্তা ডিএপি এবং ১ বস্তা এমওপি সার এবং মসুর ও খেসারী ফসলের জন্য প্রতি ১০ জনের একটি গ্রুপে ২ বস্তা ডিএপি এবং ১ বস্তা এমওপি সার বিতরণ করা হবে।

৩। সংশ্লিষ্ট ব্লকের **উপসহকারী কৃষিকর্মকর্তা অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে** উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। উক্ত কমিটি তালিকা যাচাই বাছাই করে অনুমোদন প্রদান করবেন।

৪। অনুমোদিত কৃষক তালিকা মোতাবেক মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষকের ছবিসহ স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষিকর্মকর্তা স্বাক্ষর ও উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন।

৫। উপসহকারী কৃষিকর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজ ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভর্তুকি অংশে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের এনআইডি নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।

৬। এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবেন।

ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক প্রণীত কর্মসূচীর সফল বাস্তবায়নকল্পে সভাপতি মহোদয় কমিটির সদস্যগণের সার্বিক সহযোগীতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহ্রুখ খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।



CamScanner